

## ঢাবির ইংরেজি বিভাগের সাক্ষ্যকালীন কোর্স বাতিলের দাবিতে আন্দোলন অব্যাহত

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিভাগের সাক্ষ্যকালীন এমএ কোর্স বাতিলসহ তিন দফা দাবি জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থীরা। রোববার ক্যাম্পাসে বিকোড মিছিল, সমাবেশ ও সংবাদ সংকলন করে তারা এ দাবি জানায়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতিতে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা জানায়, সাক্ষ্যকালীন কোর্স পাবলিক বিশ্ববিদ্যালয়ের ধারণার পরিপন্থী। ২০০২ সালে নাইট শিফটের নামে ঢাকা বিশ্ববিদ্যালয়কে এক বেলা পাবলিক ও এক বেলা প্রাইভেট বিশ্ববিদ্যালয় বানানোর চক্রান্ত হয়েছিল, যা শিক্ষক ও শিক্ষার্থীদের চাপের মুখে বন্ধ হয়ে যায়। শিক্ষার্থীরা জানায়, রাজধানীতেই প্রায় ৫০টির মতো প্রাইভেট বিশ্ববিদ্যালয় রয়েছে, যেখানে কোর্স করার সুযোগ রয়েছে। কর্তব্যের সামর্থ্য যাদের রয়েছে তারা এসব বিশ্ববিদ্যালয় থেকেই কোর্সটি সমাপ্ত করতে পারে। তারা আরো জানায়, শিক্ষা মানুষের মৌলিক অধিকার। এ অবস্থায় ঢাকা বিশ্ববিদ্যালয় যদি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মতো উচ্চমূল্যে এ ধরনের কোর্স চালুর সিদ্ধান্ত নেয় তাহলে সমাজের সংখ্যাগরিষ্ঠ

মানুষের দায়িত্ব নেবে কে! সাক্ষ্যকালীন এমএ কোর্স বাতিল ছাড়াও ইংরেজি বিভাগের শিক্ষার্থীরা প্রতি শিক্ষাবর্ষের ফলাফল সর্বোচ্চ তিন মাস ও প্রতি সেমিস্টারের ফলাফল এক মাসের মধ্যে প্রকাশ করা এবং শেশনকট কমানোর লক্ষ্যে কার্যকর উদ্যোগ নেয়ার দাবি জানায়।

সংবাদ সংকলনের আগে শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিকোড মিছিল ও সমাবেশ করে। বটভলয় আয়োজিত সমাবেশে শিক্ষার্থীরা বলে, 'ঢাকা বিশ্ববিদ্যালয়কে বাণিজ্যিকীকরণের পায়তারা চলছে। এই বিশ্ববিদ্যালয় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দেশের সব জনগণের অর্থে পরিচালিত হয়। ফলে হতদরিদ্র পরিবারের সন্তানদের এখানে পড়ার অধিকার রয়েছে। সাক্ষ্যকালীন কোর্স চালু করলে বিশ্ববিদ্যালয়ের জবমতি ভুল হওয়ার সঙ্গে সঙ্গে হতদরিদ্র পরিবারের সন্তানদের সাংবিধানিক অধিকার ভুল করা হবে, যা জাতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের কাছে আশা করে না।

এছাড়া শিক্ষার্থীরা গতকাল বিজ্ঞপ্তি চেয়ারম্যান বরাবর স্মারকলিপি পেশ করেছে। আজ তারা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে স্মারকলিপি পেশ ও বিকোড সমাবেশ করবে।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সাক্ষ্যকালীন এমএ কোর্স বাতিলের দাবিতে রোববার শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিকোড মিছিল করে -যাযাবি